

বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় পৌরসভার অনুকূলে উন্নয়ন সহায়তার
অর্থ বরাদ্দ ও ব্যবহার নির্দেশিকা, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
www.lgd.gov.bd

“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৪.৩২.০৫৫.১৪- ২৪৭

তারিখঃ ৯/০২/২০২৩খ্রিঃ।

প্রেরক : মুহম্মদ ইব্রাহিম
সচিব
স্থানীয় সরকার বিভাগ।

প্রাপক : মেয়র/প্রশাসক

.....
জেলাঃ.....।

বিষয় : বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় পৌরসভার অনুকূলে উন্নয়ন সহায়তার অর্থ বরাদ্দ ও ব্যবহার নির্দেশিকা,
২০২৩।


পৌর এলাকায় বসবাসরত নগরবাসীকে মানসম্মত এবং উন্নত নাগরিক পরিষেবা প্রদানের লক্ষ্যে ‘স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯’ এ পৌরসভাসমূহকে কর আরোপ ও আদায়, বাজেট প্রস্তুত করা এবং নিজস্ব তহবিল রক্ষণাবেক্ষণের ক্ষমতা প্রদান করা হয়েছে। আইনগত কাঠামোর আওতায় সম্পদ আহরণ ও ব্যবস্থাপনার পাশাপাশি পৌরসভাসমূহের আর্থিক সক্ষমতা বৃদ্ধির জন্য সরকার তথা স্থানীয় সরকার বিভাগ প্রতি বছর উন্নয়ন সহায়তা খাত হতে পৌরসভাসমূহের অনুকূলে অর্থ বরাদ্দ দিয়ে থাকে। এ ছাড়াও বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় বিশেষ প্রকল্প বাস্তবায়ন এবং জরুরী অবস্থা মোকাবেলায় অর্থ বরাদ্দ প্রদান করা হয়।

২. বর্তমান প্রেক্ষাপটে সম্পদ ব্যবহারে স্বচ্ছতা, জবাবদিহিতা ও আর্থিক শৃঙ্খলা নিশ্চিতকরণের লক্ষ্যে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় বরাদ্দকৃত অর্থ পৌরসভাসমূহের অনুকূলে বরাদ্দ ও পৌরসভাসমূহ কর্তৃক এ সকল অর্থ ব্যবহারের নিমিত্ত একটি নির্দেশিকা প্রণয়ন করার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। এ বিবেচনায় সংযুক্ত নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে।

৩. এ নির্দেশিকা অনুসরণের মাধ্যমে পৌরসভাসমূহ, সরকার কর্তৃক প্রদত্ত উন্নয়ন সহায়তার যথাযথ বরাদ্দ এবং ব্যয় নিশ্চিত করবে। এছাড়া, পৌরসভা পর্যায়ে উন্নয়ন প্রকল্প/কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নে এ নির্দেশিকাটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে মর্মে আশা করা যাচ্ছে।

৪. পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত পৌরসভাসমূহ এ নির্দেশিকা অনুসরণ করে পৌরসভা উন্নয়ন সহায়তা তহবিল ব্যবহার ও উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করবে। উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে এ নির্দেশিকার কোন ব্যত্যয় হলে সংশ্লিষ্ট পৌর কর্তৃপক্ষ এ জন্য দায়ী থাকবে।

৫. জনস্বার্থে এ নির্দেশিকা জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।



(মুহম্মদ ইব্রাহিম)

সচিব

স্থানীয় সরকার বিভাগ।

সূচিপত্র

ক্রমিক	শিরোনাম	পৃষ্ঠা
১	ভূমিকা	৩
২	নির্দেশিকা প্রণয়নের উদ্দেশ্য	৪
৩	অধিক্ষেত্র	৪
৪	প্রাপ্ত উন্নয়ন সহায়তার ব্যবহার	৪
৫	উন্নয়ন সহায়তা ব্যবহারের ক্ষেত্রে অনুসরণীয় নীতি	৪
৬	প্রকল্প বাছাইকরণ	৫
৭	প্রকল্প/স্কীম/কার্যক্রম বাস্তবায়ন	৭
৮	তত্ত্বাবধান ও পরিবীক্ষণ	৭
৯	প্রতিবেদন প্রেরণ নিশ্চিতকরণ	৮
১০	বিবিধ	৮
১১	উন্নয়ন সহায়তা অর্থ দ্বারা যা করা যাবে না	৮
১২	বাতিল	৯
১৩	কার্যকারিতা	৯